

## 💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুর রাসূল (ছাঃ) (ৄৄ আন্ত্রিতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## ১. নিয়ত (النية)

দিয়ত' অর্থ 'সংকল্প'। ছালাতের শুরুতে নিয়ত করা অপরিহার্য। রাস্লুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, إِنَّمَا الْأَعْمَالُ, পকল কাজ নিয়তের উপরে নির্ভরশীল এবং প্রত্যেক ব্যক্তি তাই-ই পাবে, যার জন্য সে নিয়ত করবে'....। [2] অতএব ছালাতের জন্য ওয় করে পবিত্র হয়ে পরিচ্ছন্ন পোষাক ও দেহ-মন নিয়ে কা'বা গৃহ পানে মুখ ফিরিয়ে মনে মনে ছালাতের দৃঢ় সংকল্প করে স্বীয় প্রভুর সন্তুষ্টি কামনায় তাঁর সম্মুখে বিনম্রচিত্তে দাঁড়িয়ে যেতে হবে। মুখে নিয়ত পাঠের প্রচলিত রেওয়াজটি দ্বীনের মধ্যে একটি নতুন সৃষ্টি। রাস্লুল্লাহ (ছাঃ)-এর ছালাতে এর কোন স্থান নেই। অনেকে ছালাত শুরুর আগেই জায়নামাযের দো'আ মনে করে 'ইন্নী ওয়াজ্জাহ্তু...' পড়েন। এই রেওয়াজটি সুন্নাতের বরখেলাফ। মূলতঃ জায়নামাযের দো'আ বলে কিছু নেই।

## ফুটনোট

[2] . মুত্তাফারু 'আলাইহ; ছহীহ বুখারী ও মিশকাত -এর ১ম হাদীছ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9196

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন